৩/১১/২০০৩

ভোরের কাগজ

তারিখ ...............

পৃষ্ঠা ৬ কলাম ১......

# বুয়েট নির্বাচনে এবার তুলনামূলকভাবে ভালো করেছে ছাত্রলীগ ও বাম সংগঠনগুলো

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ইউকসু) এবারের নির্বাচনে ছাত্রদল আশানুরূপ ফলাফল করতে না পারলেও ছাত্রলীগ এবং অন্যান্য বাম ছাত্র সংগঠনগুলো তুলনামূলকভাবে ভালো করেছে। বিগত বছরগুলোতে ছাত্রদল ইউকসু নির্বাচনে ভালো করলেও এবার ছাত্রদলের অভ্যন্তরীণ গ্রুপিং এবং প্যানেল নির্বাচন যথাযথ না হওয়া ছাত্রদলের খারাপ ফলাফলের কারণ বলে জানা যায়।

ইউকসুর ৭টি পদের মধ্যে ছাত্রদল এবার ভিপি-জিএসসহ ৩টি পদে জয়লাভ করলেও গতবার তারা পাঁচটিতে জয়লাভ করে। ছাত্রলীগ গতবারের মতো এবারো দুটি পদে জয়লাভ করেছে। তবে গতবার ছাত্রলীগ জিএস পদে জয়লাভ করলেও এবার তারা এজিএস পদে জয়লাভ করে। ছাত্রলীগ অন্য যে পদে জয়লাভ করে সেটি হলো ক্রীড়া সম্পাদক। অপরদিকে বাম ছাত্র সংগঠন ছাত্র ইউনিয়ন এবং সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট প্রত্যেকেই একটি পদে জয়লাভ করে। এই দুই পদেই উভয় দলের মহিলা প্রার্থীরা জয়লাভ করে। জানা যায়, ছাত্রদের হল থেকে এই দুই মহিলা প্রার্থী উল্লেখযোগ্য সংখ্যক ভোট পায়।

এছাড়া হল সংসদের নির্বাচনেও ছাত্রদল ভালো করতে পারেনি। ৮টি হল সংসদের ভিপি পদে ছাত্রদল করে চারটিতে, অপরদিকে ছাত্রলীগ জয়লাভ করে দুটিতে, স্বতন্ত্র প্রার্থীরা জয়লাভ করে দুটি হলে। ৮টি হল সংসদের এজিএস পদে ছাত্রদল জয়লাভ করে চারটিতে, ছাত্রলীগ দুটিতে, এবং স্বতন্ত্র প্রার্থীরা দুটিতে। আহসান উল্লাহ হল (উত্তর) এবং পশ্চিম দুটিতেই ভিপি এবং জিএস পদে ছাত্রলীগ জয়লাভ করে।

জয়লাভকারী প্রার্থীরা হলেন :

আহসান উল্লাহ হল (পশ্চিম) : ভিপি: আমীরুজ্জামান (ছাত্রলীগ), জি এস : সালেকীন (ছাত্রলীগ), আহসান উল্লাহ হল (উত্তর) : ভিপি: দীপক (ছাত্রলীগ), জিএস সুমন (ছাত্রলীগ), নজরুল ইসলাম হল: ভিপি : সালাউদ্দিন (স্বতন্ত্র), জি এস রাব্বী (স্বতন্ত্র)। তবে এ দুজনই ছাত্রদলের বিদ্রোহী প্রার্থী মনোনয়ন না পেয়ে এরা স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচনে অংশ নেন।

শহীদ স্মৃতি হল : ভিপি : দীন ইসলাম (ছাত্রদল), জিএস : উত্তম ছাত্রদল, তীতুমীর হল : ভিপি : শহীদুল ইসলাম (ছাত্রদল), জিএস : বিপ্লব (ছাত্রলীগ), রশীদ হল : ভিপি : ইকবাল (ছাত্রদল), জি এস :বিপ্লব (ছাত্রদল), সোহরাওয়ার্দী হল : ভিপি আতিক (ছাত্রদল), জিএস : নয়ন (ছাত্রদল), শেরেবাংলা হল : ভিপি : রাশেদ (ছাত্রলীগ), জিএস : ইকবাল (ছাত্রদল), লেডিস হল (মেয়েদের একমাত্র হল) . ভিপি সামিনা (স্বতন্ত্র), জিএস : উম্মে সালমা (স্বতন্ত্র)।